
যুগান্তর
প্রিন্ট: ০৮ সেপ্টেম্বর ২০২৫, ১০:৫৫ এএম

শিক্ষাঙ্গন

# কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন ৭ ডিসেম্বর

কুবি প্রতিনিধি
প্রকাশ: ০৭ সেপ্টেম্বর ২০২৫, ০৬:৪৮ পিএম




ছবি: যুগান্তর

মোহাম্মদ হায়দার আলী।

সমাবর্তনে রাষ্ট্রপতির প্রতিনিধি হিসেবে যোগ দেবেন উপদেষ্টা মুহাম্মদ ফাওজুল কবির খান। তিনি বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় এবং রেলপথ মন্ত্রণালয়ের দায়িত্বে আছেন।

পরীক্ষা নিয়ন্ত্রক সূত্রে জানা যায়, কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন অনুষ্ঠিত হয়েছিল ২০২০ সালের ২৭ জানুয়ারি। ওই সমাবর্তনে ২০১৩-১৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের অন্তর্ভুক্ত করা হয়েছিল। এবার ২০১৪-১৫ থেকে ২০১৯-২০ শিক্ষাবর্ষ পর্যন্ত শিক্ষার্থীদের অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত হয়েছে। তবে ফার্মেসি বিভাগে স্নাতক সম্পন্ন করতে পাঁচ বছর সময় লাগায় ২০১৯-২০ শিক্ষাবর্ষের ওই বিভাগের শিক্ষার্থীরা এ সমাবর্তনে থাকছেন না।

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ সোলায়মান বলেন, দীর্ঘ সময় পর আমরা আবারও সমাবর্তনের আয়োজন করছি। যদিও প্রতিবছর করার কথা থাকলেও বিভিন্ন সমস্যার কারণে তা সম্ভব হয় না। দেখা যায়, মূল সনদ তুলতে গিয়ে শিক্ষার্থীদের বিড়ম্বনায় পড়তে হয়। এই সমাবর্তনে শিক্ষার্থীরা তাদের সনদ ও ট্রান্সক্রিপ্ট পাবে। আশা করি, এরপর থেকে আমরা আরও দ্রুত সমাবর্তনের আয়োজন করবো।

এ বিষয়ে উপ-উপাচার্য অধ্যাপক ড. মাসুদা কামাল বলেন, আমরা মাত্র অনুমতি পেয়েছি। এখনো নিশ্চিতভাবে বলা যাচ্ছে না কারা সমাবর্তনে অংশ নেবেন। শিগগির একটি কমিটি গঠন করে পূর্ণাঙ্গ ফরম্যাট তৈরি করে জানিয়ে দেওয়া হবে।

উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ হায়দার আলী বলেন, ২০২০ সালে আমাদের বিশ্ববিদ্যালয়ে প্রথম সমাবর্তন হয়েছিল। এরপর যারা উত্তীর্ণ হয়েছেন, তারা সবাই এবার দ্বিতীয় সমাবর্তনে অংশ নেওয়ার সুযোগ পাবেন।